
# আন্তর্জাতিক সম্পর্কের রূপরেখা

সম্পাদক

পুরুষোত্তম ভট্টাচার্য্য

অনিন্দ্যজ্যোতি মজুমদার

দ্বিতীয় খণ্ড



Antarjatik Somparker Ruparekha : Ditiyo Khanda
Edited by : Purusottam Bhattacharya & Anindya Jyoti Majumdar

*1st Edition :* April, 2022
© Purusottam Bhattacharya & Anindya Jyoti Majumdar
*ISBN :* 978-81-955688-9-5
প্রচ্ছদ শিল্পী : দিলীপ ঘোষ

Published by Archana Das and Subrata Das
on behalf of Setu Prakashani
*Address :* 12/A. Shankar Ghosh Lane, Kolkata-6
*Contact No :* +91 33 2219 0704, +91 9433074548

বিক্রয়কেন্দ্র :
২, শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭৩
'বুকমার্ক', ৬ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭৩
e-mail : setuprakashani@gmail.com
Website : www.setuprakashani.com

মূল্য দুই শত পঞ্চাশ টাকা।

*Lesser Setting*
Dey Computer Center, 7/20 Gorapada Sarkar Lane, Kolkata-67

*Printed by*
Imprina 243/2B APC Road Kolkata-6

# বিশ্বায়ন এবং বিশ্বরাজনীতি

শিবাশিস চট্টোপাধ্যায়
কৌশিক চক্রবর্তী

বিশ্বায়ন আমাদের জীবনে এনেছে মৌলিক পরিবর্তন এবং এ কারণে বৌদ্ধিকভাবে প্রতিদিনের যাপনে এই প্রক্রিয়ার খুঁটিনাটি বোঝার চেষ্টা করাটা অত্যন্ত প্রয়োজনীয়। বিশ্বায়নের প্রেক্ষিতে আন্তর্জাতিক সম্পর্ক গত দুই দশকে গভীরভাবে প্রভাবিত হয়েছে। অ-রাষ্ট্রীয় কারক ও তাদের কার্যকলাপের প্রেক্ষিতে রাষ্ট্রের সমস্ত আলোচনাতেই বিবিধ দাবি এবং পাল্টা দাবি লক্ষ্য করা যায়। এই বিবিধতা, তর্ক বিতর্কের এই বহুমাত্রিকতা বিশ্বায়ন সংক্রান্ত চর্চার একটি অংশ হলেও মনে রাখতে হবে যে, অদ্বিতীয় রূপেই বিশ্বায়ন কিন্তু বিশ্বরাজনীতির গতিপ্রকৃতির মৌলিক পরিবর্তন ঘটিয়েছে। নিম্নে বিশ্বায়ন সংক্রান্ত বিভিন্ন ভাবনা আলোচিত হয়েছে এবং কীভাবে তা আমাদের দৈনন্দিন জীবনকে প্রভাবিত করছে তা বোঝার চেষ্টা করা হয়েছে।

**সংজ্ঞাকেন্দ্রিক সমস্যা :**

বিশ্বায়ন বিশ্বব্যাপী এক প্রক্রিয়া যার প্রকৃতিগত বিভিন্নতা নিয়ে বহুবিধ এবং বহুমাত্রিক চর্চার সৃষ্টি হয়েছে। বৃহত্তর অর্থে এই বহুমাত্রিকতায় চারটি বিতর্কের ক্ষেত্র রয়েছে। প্রথম বির্তক বিশ্বায়নের অভিনবত্ব সংক্রান্ত। বিশ্বায়নকে একটি নজিরবিহীন বিকাশ হিসেবে চিহ্নিত করার দাবির বিরুদ্ধে বেশ কিছু ঐতিহাসিক মত হলো, বেশ কিছু কারণে এটা নতুন হলেও অভূতপূর্ব নয়। দ্বিতীয় বিতর্ক বিশ্বায়নের আর্থ-সামাজিক লাভ ও সুবিধাসমূহ নিয়ে। বিশ্বায়নের প্রথিতযশা চিন্তাবিদগণ যারা নব্য উদারপন্থী বা মুক্ত বাজারের সমর্থক গোষ্ঠীর অন্তর্ভুক্ত তারা জন সমাজের বৃহত্তর অংশ কর্তৃক প্রাপ্ত সার্বিক সুবিধার নিরিখে এই বিশ্বায়নের গুণাবলির উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। এর বিরুদ্ধ মত এসেছে মূলত বামপন্থী বা বাম ভাবনার তাত্ত্বিকদের তরফ থেকে যারা বিশ্বায়নকে দরিদ্র বিরোধী হিসেবে চিহ্নিত করেন এবং বিশ্বাস করেন, বিশ্বায়নের কারণেই ধনী-দরিদ্রের পার্থক্য দিনের পর দিন প্রকট হচ্ছে। তৃতীয় বিতর্ক চরিত্রগতভাবে রাজনৈতিক। রাষ্ট্র, সার্বভৌমত্ব, ভূখণ্ডগত স্থানিকতার বৈশ্বিক চরিত্র লাভ — ইত্যাদিকে কেন্দ্র করে বিশ্বায়নের রাজনৈতিক প্রভাব সংক্রান্ত আলোচনাতেও তাত্ত্বিকেরা দ্বিধাবিভক্ত। চতুর্থ প্রধান বিতর্ক উঠে এসেছে বিশ্বায়নের সাংস্কৃতিক প্রভাবকে কেন্দ্র করে। উদারপন্থীরা যখন এ রকম যুক্তি দিচ্ছেন যে, একটা বৈশ্বিক সংস্কৃতি বিশ্বকে একসূত্রে গ্রথিত করছে তখন বিরুদ্ধ মত এরকম যুক্তিই